P 1127/03                I - 1963/03

SPECIAL ADHESIVE 5000 | SPECIAL ADHESIVE 1000 | SPECIAL ADHESIVE 1000 | SPECIAL ADHESIVE 1000 | SPECIAL ADHESIVE 10

M.V. 1,80,000/-

STAMP AFFIXED BY
STAMP SUPERINTENDENT
KOLKATA COLLECTORATE

Admissible under rule 21 duly stamped under the Indian Stamp Act 1899 amended of section 82 (1) of the Calcutta Improvement Act 1911 Stamp duly paid under the Indian Stamp Act 1899..........
Amount duly paid under the Calcutta Improvement Act..........
Paid in Excess..........
Total..........
Schedule 1A No..........
Fee Paid..........
A. D. S. R
Sealdah

Certified that the stamp duty Rs ........ has been realised from .......... u/s 41 & 42 (1) of I.S. Act and the instrument is duly Stamped by Challan/Draft No.......... Dated..........

|| ১,০০,০০০/- ( এক লক্ষ ) টাকা মূল্যের

শুভ দানপত্র দলিল ||

দানপত্র গ্রহীতা :-

শ্রী অমল চন্দ্র কর্মকার,
পিতা - ৺অমূল্য চন্দ্র কর্মকার,
জাতি - হিন্দু, পেশা - ব্যবসা,
সাকিন - ৫/৪৬এ, চিওরঞ্জন কলোণী,
থানা - যাদবপুর,
কোলকাতা - ৭০০ ০৩২ ।

দানপত্র দাতাদ্বয় :-

১। শ্রী বিজন কুমার কর্মকার,
২। শ্রী সমীর কর্মকার,
উভয়ের পিতা - স্বর্গীয় জয়দেব চন্দ্র কর্মকার
উভয়ের জাতি - হিন্দু, পেশা - ব্যবসা,
উভয়ের সাকিন - ৫/৪৬বি, চিওরঞ্জন কলোণী, থানা - যাদবপুর,
কোলকাতা - ৭০০ ০৩২ ।

কস্য ..........

Presented at ... A.M./P.M. 11-25 ... 10 th
day of July '03 at the
Sealdah Sub-Registry Office for
Registration by Bijoy Kr Karmakar

A.D.S.R.
Sealdah

Office of the Additional District Sub-Registrar Sealdah South 24-Pgs.

Bijan kr. Karmakar.

1585

Bijan kr. Karmakar.

1586

Samir Karmakar.

1587

Amal Chandra Karmakar

Execution is admitted by
(1) Bijon Kr Karmakar
(2) Samir Karmakar
both sons of Joydev ch. karmakar
both of 5/46B chitta Ranjan colony
P.S. Jadavpore
Kol — 32
Hindu
Business
(3) Amal ch. Karmakar
S/o late Amulya ch. Karmakar of 5/46 B. chitta Ranjan colony P.S. Jadavpore Kol-32 H/B.

Identified by
Name Shyamal Kumar Mitra
Son of Indu Bhusan Mitra
of 6.R. G. Kar Rd
Thana ...
District ... Kol—4
By Caste Hindu
By Profession Service

Shyamal Kumar Mitra
S/o Late Indu Bhusan Mitra
Ideal Home Durga Sen
6.R. G-Kar Road
Kol-4

Additional District
Sub-Registrar Sealdah
10 JUL 2003

Bijan Kr. Karmakar
Samir Karmakar.
Amal Karmakar

কস্য রায়ত স্থিতিবান সুত্বীয় স্থানীয় মাপে কমবেশ ১ ( এক ) কাঠা পরিমিত শালি জমি মায় আকর আওলাতাদি সহ যৎ যাবতীয় ইজমেন্ট সুত্বাদি বর্ত্মসুত্ব সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় শুভ দানপত্র দলিল পত্রমিদং কার্য্যাঞ্চাগে : -

জেলা সাবেক ২৪ পরগণা, হাল দক্ষিণ ২৪ পরগণা, খাসপুর পরগণাস্থিত সাবরেজিষ্ট্রী অফিস শিয়াদহ ( এ· ডি· এস· আর· শিয়ালদহ ) এলাকাধীন, থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর তৎপর কসবা হাল পূর্ব যাদবপুর কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ( যাদবপুর ইউনিট বরো - ×॥ ) এর এলাকাধীন ওয়ার্ড নং - ১০৯ অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত রে: সা: নং - ৩৮ - ১/২, জে· এল· নং - ২৬, মৌজা - চকগড়িয়া স্থিত বিগত রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরীপের ১১ এবং ১৪ নং খতিয়ানস্থিত ১০ নং খতিয়ান ভুক্ত হাল ৪ নং বিধিমতে রায়ত দখলি সুত্ব বিশিষ্ট ১ নং দাগস্থিত জমি এবং অপরাপর জমি জমাদি যাহা কবীর রোড, থানা - টালিগঞ্জ, কলিকাতা - ৭০০ ০২৯ নিবাসী জনৈক চিত্তজিৎ মোহন ধর মহাশয় বিগত ইংরাজী ১৯৬৮ সালে এক খন্ড রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে দি সুবারবন এগ্রিকালচারাল ডেয়ারী এন্ড ফিসারিজ প্রা: লি: দিগরের নিকট হইতে দলিলে লিখিত বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্যে খরিদ করেন যাহা জেলা অবর নিবন্ধক কার্য্যালয় আলীপুর ১ নং বহির, ভল্যুম নং ১৪২, পাতা ১ হইতে ২১ পাতায় লিপিবদ্ধ ও নকলীকৃত ও ১৯৬৮ সালের ৪৫৭৪ নং দলিল রূপে চিহ্নিত।

এক্ষণে উক্ত জমি জমাদি খরিদ করিয়া নিজ নাম বরাবর ধার্য্য খাজনাদি ট্যাকসাদি আদায়ে রসিয়াদি গ্রহণে অন্যের বিনা সুত্বে সংশ্রবে একক মালিক দখলকার হিসাবে ভোগ দখলিকার থাকা অবস্থায় বিগত ইংরাজী ১৯৭৫ সালের ফেব্রুয়ারী মাসে

কোন ..........

AKar

Bijan Kr. Karmakar. Samir Karmakar. Amal Karmakar

কোন প্রকার উইলপত্রাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করিলে তৎপরিত্যক্ত সম্পত্তি তাহার স্ত্রী এবং তিন কন্যা কেবলমাত্র চারিজন ওয়ারেশান উত্তরাধিকারী সূত্রে অবিভক্ত ১/৪ অংশ প্রাপ্ত হয়েন।

এমতাবস্থায় এজমালে ভোগ দখলের অসুবিধা হেতু এবং নিজ নিজ ভোগ দখলের সুবিধার্থে এবং ভবিষ্যতের কোন প্রকার গোলযোগ নিবারনার্থে সকল শরীক সহমতে বিগত ইংরাজী ১৯৭৫ সালে রেজিস্ট্রীকৃত এক আপোষ বন্টন নামা দলিল বা ডিড অব পার্টিশন সম্পাদন করেন যাহা জেলা অবর নিবন্ধক কার্য্যালয় আলীপুর ১ নং বহির ১০৭ নং ভল্যুমের ৬৫ হইতে ৭১ পাতায় লিপিবদ্ধ ও নকলীকৃত রহিয়াছে যাহা ১৯৭৫ সালের ৫৮১৮ দলিল রূপে চিহ্নিত।

এক্ষণে উক্ত আপোষ বন্টন নামা দলিল মূলে বিভাগ বন্টন করিয়া উক্ত মৃত চিত্তজিৎ মোহন ধরের ওয়ারিশান তাহার কন্যা শ্রীমতী সুমিতা ধর মহাশয়া তাহার ষোল আনা রকম সম্পত্তি অন্যের নিরাংশে নির্ব্যূঢ় স্বত্বে একক মালিক দখলকার থাকা অবস্থায় তাহার খাস দখলে থাকা সম্পত্তি বিভিন্ন পরিমাপে মোট ছোট প্লটে বিভক্ত করিয়া চলাচলের জন্য কমন প্যাসেজ ইত্যাদির সংস্থান করিয়া বিভিন্ন বৈধ কারণ হেতু বিক্রয় করিবার ঘোষণায় তন্মধ্যে সি· এস· প্লট নং - ১ এর অধীন স্কীম প্লট নং - ১৭স্থিত কমবেশ ৪ ( চার ) কাঠা পরিমিত শালি জমি আমাদিগের মাতা শ্রীমতী সুনীতি রানী কর্মকার তাহার স্বোপার্জিত স্ত্রীধন অর্থে বিগত ইংরাজী ১৪/৭/১৯৭৬ সালে এক রেজিস্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে খরিদ করেন যাহা জেলা অবর নিবন্ধক কার্যালয়, আলীপুর ১ নং বহির ৮৩ নং ভল্যুমের ২৪১ পাতা হইতে ২৪৫ পাতায় নকলীকৃত ও লিপিবদ্ধ ও ১৯৭৬ সালের ৩৫৭৬ দলিলরূপে চিহ্নিত।

এমতাবস্থায় ..........

Karmakar

Bijan Kr. Karmakar.

Samir Karmakar.

Anal Kumar Karmakar

এমতাবস্হায় আমাদিগের মাতা শ্রীমতী সুনীতী রানী কর্মকার মহাশয় তাহার খরিদা সম্পত্তিতে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ও অন্যান্য সরকারী সংস্হায় নিজ নাম পত্তনাদি করত: রসিয়াদি গ্রহণে একক মালিক দখলকারিনী থাকাবস্হায় আমরা অত্র দানপত্র দাতা তাহার পুত্রদ্বয় আমাদিগের প্রতি তাহার স্নেহ, ভালবাসা ও কর্তব্য পরায়নতার নিদর্শন স্বরূপ তাহার খরিদা ৪ ( চার ) কাঠা শালি জমি জমাদি বিগত ইংরাজী ২০০১ সালের ৫ই ফেব্রুয়ারী এক রেজিষ্ট্রীকৃত দানপত্র দলিল বলে আমাদিগকে নি:স্বত্ব দান করেন এবং দানকৃত সম্পত্তি হইতে চিরনি:স্বত্ব ও দখল ত্যাগী হয়েন যাহা জেলা অবর নিবন্ধক কার্য্যালয়, আলীপুর ১ নং বহির ১৪নং ভল্যুমের ৩৭ নং পাতা হইতে ৪৪ নং পাতায় নকলীকৃত ও ২০০১ সালের ৫৪২ নং দলিল রূপে চিহ্নিত ।

এক্ষণে আমরা অত্র দানপত্র দাতাদ্বয় আমাদিগের মাতার স্নেহ ও ভালবাসা নিদর্শন স্বরূপ তাহার দানকৃত নিম্ন তপশীল´´ ক´´ বিশেষভাবে বর্ণিত সম্পত্তি সানন্দে গ্রহণ করিয়া এযাবৎ কাল অন্যের নিরাংশে নির্ব্যূঢ় স্বত্বে এজমালে ভোগ দখল করিয়া আসিতেছি এবং আমাদিগের উক্ত সম্পত্তি সম্পূর্ণ বা তাহার কোন অংশ দান, বিক্রয়, হস্তান্তর করিবার উত্তম স্বত্ব ও অধিকার আমাদিগের বর্তমান ।

এক্ষণে আপনি আমাদিগের খুল্লতাত বিধায় হইতেছেন । শৈশব কাল হইতে আপনি আমাদিগকে পরম স্নেহে দায়িত্ব ও কর্তব্যবোধে লালন পালন করিয়াছেন । আপনার প্রতি আমাদিগের শ্রদ্ধা, ভালবাসা ও কর্তব্যপরামুয়নতার নিদর্শন

স্বরূপ ..........

Akar

Bijan Kr. Karmakar
Samir Karmakar
Amal Chandra Karmakar

স্বরূপ আমাদিগের খাস দখলে থাকাকালীন সম্পত্তি যাহা নিম্ন তপশীল ´´ ক ´´ বিশেষ ভাবে বর্ণিত তন্মধ্যে কমবেশ ১ ( এক ) কাঠা পরিমিত জমি জমাদি যাহা তপশীল ´´ খ ´´ বিশেষ ভাবে বর্ণিত অত্র সংলগ্ন ম্যাপ বা নকশায় লাল সীমারেখায় রঞ্জিত ও দর্শিত তাহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ থাকাবস্থায় আপনাকে দান করিলাম, আপনি আমাদিগের দান সানন্দে গ্রহণ করিলেন এবং অদ্য তারিখ হইতে অত্র দানপত্র দলিল বলে দানকৃত সম্পত্তি হইতে আমরা চিরতরে নি:স্বত্ব ও দখলত্যাগী হইলাম, আপনি আমাদিগের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলকার হইয়া স্থানীয় পৌরসভায় এবং সরকারী সেরেস্তায় ধার্য্য খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া রসিয়াদি গ্রহণে পরিবর্তন, পরিবর্দ্ধন, দান, বিক্রয়, বন্ধক ইত্যাদি সর্ব্বপ্রকার হস্তান্তরাদি ক্ষমতা যুক্তে স্ত্রী, পুত্র, পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে যদৃচ্ছা ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমরা মায় আমাদিগের কোন ওয়ারিশান স্থলাভিষিক্তগণ কেহ কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিবে না যদি কেহ করি বা করেন তবে তাহা সর্ব্বস্থানে, সর্ব্ব আদালতে এক কথায় বাতিল বা নামঞ্জুর হইবে ।

অত্র দানকৃত সম্পত্তিতে আমাদিগের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, সংশ্রব, লভ্য, হক হকিয়ৎ ইজমেন্ট অধিকারাদি ছিল তৎ সমুদয় অদ্য হইতে আমাদিগের হইতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র দানপত্র দলিলের বলে তৎসমুদয় সম্পূর্ণ রূপে আপনাতে বর্তিল ।

অত্র দানকৃত সম্পত্তি ইতিপূর্ব্বে আমরা কাহাকেও দান, বিক্রয়, বায়না বা কোন প্রকার দায়াবদ্ধ করি নাই, উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভুত বা

কোন ........

Bor

Bijan Kr. Karmakar
Samir Karmakar
Anal Karmakar

কোন আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে বা উহা সরকার বা আধা সরকার কর্তৃক এ্যাকুইজিশান বা রিক্যুইজিশান সম্পত্তি নহে । উহা ইতিপূর্ব্বে কোন দেবসেবায় জনাহিতকর কার্য্যে অর্পন করি নাই । ইহা কোন দেবোত্তর বা পীরোত্তর ও ওয়াকফ ভুক্ত সম্পত্তি নয় উহা আমরা ইতিপূর্ব্বে কাহারও কাছে বিক্রয় করি নাই বা বিক্রয় করিবার মর্ম্মে অপর কাহারও সহিত কোন চুক্তি বা বায়না পত্রে আবদ্ধ হই নাই । উহাতে আমরা কাহারও বেনামদার নহি । উহাতে আমরা ছাড়া অপর কোন শরীক বা অংশীদার নাই । তপশীল ´´ খ´´ বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্হায় আমাদিগের খাস ও তত্ত্বাবধানে থাকাবস্হায় আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে দান করিয়া দানকৃত সম্পত্তি হইতে চিরতরে নি:স্বত্ব ও দখলত্যাগী হইলাম ।

অত্র দলিলের কোন প্রকার ভ্রম থাকা বা প্রকাশিত হইলে তৎ সংশোধনার্থে অত্র দলিলের পোষকতায় অপর কোন আইন বা নজির সম্মত দলিল বা এ্যাফিডেভিট করার প্রয়োজনে সেক্ষেত্রে আপনার তলবমত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিব ।

অত্র দানকৃত সম্পত্তিতে আমরা আপনার স্বত্ব দখল ও কায়েম দৃঢ় করিবার প্রয়োজনে সকল প্রকার সহায়তা করিবার জন্য সর্বসময়ে দৃঢ় প্রতিজ্ঞ রহিলাম ।

দানকৃত সম্পত্তির আনুমানিক বাজার মূল্য ১,০০,০০০·০০ ( এক লক্ষ ) টাকা মাত্র ।

এতদর্থে ..........

Bijan Kr. Karmakar Samir Karmakar Amal Karmakar

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে অত্র দলিল নিজে পাঠ করিয়া তাহার মর্ম সম্যক অবগত হইয়া অত্র দানপত্র দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪১০ সালের ২৫শে আষাঢ়, মোতাবেক ইংরাজী ২০০৩ সালের ১০ই জুলাই ।

॥ তপশীল´´ ক´´ ॥

( সমগ্র সম্পত্তির পরিচয় )

জেলা সাবেক ২৪ পরগণা, হাল দক্ষিণ ২৪ পরগণা খাসপুর অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয় শিয়ালদহ সাবেক থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর তৎপর কসবা হাল পূর্ব যাদবপুর কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ( যাদবপুর ইউনিট বরো - ×II ) এর এলাকাধীন ওয়ার্ড নং - ১০৯, অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৩৮ - ১/২, জে· এল· নং ২৬, মৌজা - চকগড়িয়া, বিগত রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরীপের ১১ এবং ১৪নং খতিয়ানস্থিত ১০নং খতিয়ান ভুক্ত হাল ৪নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ১নং দাগস্থিত ৪ (চার) কাঠা শালি জমিজমা যৎ যাবতীয় ইজমেন্ট স্বত্ত্বাদি সহ দরবস্তু হক হকুক অত্র সহ সমগ্র সম্পত্তি হইতেছে । প্রেমিসেস নং ৭১, চকগড়িয়া যাহা ইঁটের প্রাচীর দ্বারা বাউনডারীকৃত যাহার হারাহারি বার্ষিক খাজনা ০·২৫ পয়সা যাহা পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটর বাহাদুরকে দেয় হইতেছে । যাহার স্কীম প্লট নং - ১৭ । যাহার

চৌহদ্দি ..................

A. Kar


SITE PLAN OF LAND AT MOUZA- CHAKGARIA PORTION OF R.S PLOT NO-1 R.S. KHATIAN NO-10, TOUZI NO 56, R.S. NO-38½, J.L. NO-26, WARD NO-109, OF KOLKATA MUNICIPAL CORPORATION (JADAVPUR UNIT) PARGANA- KHASPUR. P.S. EAST JADAVPUR, PREMISES NO. 71 CHAKGARIA (PART) SCHEME PLOT NO-17(P)

AREA OF LAND 1 COTTAH

SCALE 1'-50'-0"

DONORS Bijan Kr. Karmakar.
Samir Karmakar.

DONEE [illegible]



## ॥ চৌহদ্দি ॥

| | | |
|---|---|---|
| উওরে | : | ১ নং দাগের স্কীম প্লট নং - ১৬। |
| দক্ষিণে | : | ২০´ ফুট প্রশস্থ রাস্তা। |
| পূর্ব্বে | : | ২০´ ফুট প্রশস্থ রাস্তা। |
| পশ্চিমে | : | ১ নং দাগের স্কীম প্লট নং - ১৮। |

## ॥ তপশীল ´´ খ ´´ ॥

( তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তির পরিচয় )

জেলা সাবেক ২৪ পরগণা হাল দক্ষিণ ২৪ পরগণা, থানা - সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর, তৎপর কসবা, হাল পূর্ব যাদবপুর দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ( যাদবপুর ইউনিট বরো - ×॥ ) এর এলাকাধীন ১০৯নং ওয়ার্ড ভুক্ত অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত, রেঃ সাঃ নং ৩৮ - ১/২ জে· এল· নং - ২৬, চকগড়িয়া মৌজায় বিগত রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরীপের ১১ এবং ১৪ নং খতিয়ানের অন্তর্গত ১০ নং খতিয়ানের ভুক্ত হাল ৪নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ১ নং দাগস্হিত কমবেশ ১ ( এক ) কাঠা শালি জমি তৎসহ যৎ যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক উহাই অত্র দানকৃত সম্পত্তি ইহতেছে। যাহার প্রেমিসেস নং ৭১, চকগড়িয়ার অংশ হইতেছে। যাহার হারাহারি বার্ষিক খাজনা ০·২৫ পয়সা পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের

পক্ষে ...........

Bijan Kr. Karmakar
Samir Karmakar
Amal Karmakar
Asim

Bijan Kr. Karmakar,
Samir Karmakar.
[signature] Karmakar

পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটর বাহাদুরকে দেয় যাহা অত্র সহ দাখিলি নকসায় লাল রংয়ের বর্ডার দ্বারা সীমাকৃত ও সুচিহ্নিত জমি যাহা দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে, ইহা স্কীম প্লট নং ১৭এর অংশ ।

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাপ |
|---|---|---|---|
| ১০ নং | ১ এক | শালি | ১ (এক) কাঠা |

॥ যাহার চৌহদ্দি ॥

উওরে : - স্কীম প্লট নং - ১৬ ।

দক্ষিণে : - ২০´ ফুট প্রশস্হ রাস্তা ।

পূর্ব্বে : - সাহা মহাশয়দিগের খরিদা জমি ।

পশ্চিমে : - স্কীম প্লট নং - ১৮ ।

যাহার পরিমাপ ..............

[signature]

Bijan Kr. Karmakar

Samir Karmakar.

Anal Chandra Karmakar

উওর বাহু : -     ১২´ ফুট দৈর্ঘ্য ।

দক্ষিণ বাহু : -     ১২´ ফুট দৈর্ঘ্য ।

পূর্ব্ব বাহু : -     ৬০´ ফুট দৈর্ঘ্য ।

পশ্চিম বাহু : -     ৬০´ ফুট দৈর্ঘ্য ।

আমি এই দান সানন্দে গ্রহণ করিলাম ।

ই সা দী : -

১। শ্রী শ্যামা সাহা

Anal Chandra Karmakar

২। শ্যামল কুমার বসু
৮, বি. আর. বি. বসু রোড,
কোলি, কল - ৪

মুসাবিদাকারক ও দলিল প্রস্তুতকারক : -

অমেন কুমার মণ্ডল

অমেন কুমার মণ্ডল
রেজি: নং - ৫৩২/৭৫

টাইপকারক : -

অনিল কুমার বসাক
শ্যামবাজার, কোলকাতা - ৪ ।

Akbar.

Registered

Book No. I

Volume No. 105

Pages 59 to 70

Being No. 1963

For the year 2003

Office of the Additional District Sub-Registrar
Sealdah South 24 Pgs.

Additional District
Sub-Registrar, Sealdah
10 JUL 2003

Office of the Additional District Sub-Registrar
Sealdah South 24 Pgs.

Additional District
Sub-Registrar, Sealdah
South 24 Parganas
9-9-03

তারিখ : -

বাংলা সন ১৪১০ সালের ১৬ই আষাঢ় মোতাবেক

ইংরাজী ২০০৩ সালের ১লা জুলাই।

শুভ দানপত্র দলিল

সম্পত্তির মূল্য - ১,০০,০০০্ টাকা মাত্র

দানপত্র গ্রহীতা : -

শ্রী অমল চন্দ্র কর্মকার

দানপত্র দাতাদ্বয় : -

শ্রী বিজন কুমার কর্মকার

শ্রী সমীর কর্মকার।

ক্যালকাটা 'ল' চেম্বার

৬ নং আর· জি· কর· রোড, কলকাতা - ৪।

১৬ নং রানী রাসমণি রোড, কলকাতা - ১৩।

দূরভাষ : ২৫৫৪ - ৫২২৩ / ২২৪৪ - ৯৩৯৫

৫৭
৪৭